


**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টারের "রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার" (গ্রেড-৫) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd


নম্বর : ৮০.১০৬.০১১.০৪.৪৪.০২১.২০২০-৩২৬

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০ / ০৪ ডিসেম্বর ২০২৩

## বিজ্ঞপ্তি

**বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টারের "রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার" (গ্রেড-৫) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টারের "রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার" (গ্রেড-৫) এর ০১ (এক) টি অস্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য ২৩.০২.২০২১ তারিখে অনলাইনে বিজ্ঞপ্তির ক্রমিক নং-০৮ জারি করা হয়। উক্ত পদের Standard Aptitued test এ উত্তীর্ণ সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

| মৌখিক পরীক্ষার তারিখ, দিন ও সময় | পদের নাম ও বিজ্ঞপ্তি নম্বর | সাময়িকভাবে যোগ্য প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর | মোট প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ২৭.১২.২০২৩ খ্রি: বুধবার সকাল ১০:০০ মিনিট | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অফিসার (গ্রেড-৫) (২৩.০২.২০২১ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর- ০৮) | ০০০০৩৯, ০০০০৭৬= ০২ টি | ০২ জন |

০২. মৌখিক পরীক্ষায় অনলাইনে রেজিস্ট্রেশনকালে ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীর নিকট কমিশন হতে কোন আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

০৩. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীকে অতিরিক্ত ০১ (এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড পূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :

৩.১ প্রবেশপত্রের কপি;

৩.২ BPSC Form-5A (Applicant's Copy)

৩.৩ শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;

৩.৪ শিক্ষাগত যোগ্যতা প্রমানের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ থাকলে সে ক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

ক্রমশ/২

৩.৫ বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে, এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

৩.৬ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;

৩.৭ আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;

৩.৮ উচ্চতর শিক্ষাগত যোগ্যতার (ডিপ্লোমা/এমফিল/এমএস/এমডি ইত্যাদি) সনদ;

৩.৯ অভিজ্ঞতা সনদের কপি, অভিজ্ঞতা সনদে সংশ্লিষ্ট পদের স্কেল/গ্রেড উল্লেখ করতে হবে;

৩.১০ প্রকাশনা/চাকুরি জীবনের অর্জিত পেশাগত কৃতিত্ব, সাফল্য বা ঔজ্জ্বল্যের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে);

৩.১১ ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;

৩.১২ জাতীয় পরিচয়পত্রের (NID)সত্যায়িত কপি ;

৩.১৩ কোন সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি ;

৩.১৪ নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

০৪. উপরে অনুচ্ছেদ-০৩ এ বর্ণিত উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৫. প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।

০৬. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন বা কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

০৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের নূন্যতম আধা ঘন্টা (৩০ মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

০৮. কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৯. সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। প্রার্থীকে অবশ্যই মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪.১২.২০

(আবদুল্লাহ আল মামুন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৫৫
ই-মেইল: e_ncc@bpsc.gov.bd

Viva press adv